بسم الله الرحمن الرحيم

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail :bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

Press Release

4 April 2012

40th anniversary of Bangladesh-US diplomatic relations celebrated in Washington, DC

Bilateral relations between Bangladesh and the USA are mutually beneficial and the two countries should work together to further strengthen the relations. Since the establishment of diplomatic relations, Bangladesh's relations with the USA have been excellent and over the years these relations have strengthened in depth and dimensions. This was said by Bangladesh Ambassador to USA and State Minister Mr. Akramul Qader. Ambassador Qader was speaking this evening (Wednesday 4 April 2012) at the University Club in Washington, DC at a reception hosted to mark the 40 years of Bangladesh-US diplomatic relations. He said that Bangladesh's friends in the USA have been steadfast in extending support to uphold democracy. In this regard, the Bangladesh Ambassador referred to the laudable role played by the US Congress in restoring democracy during the period 2006 through 2008. Ambassador Qader urged the Congress to take initiative to remove tariffs on the ready-made garment products coming from Bangladesh to the USA. He reiterated Bangladesh's commitment to continue the work to advance the bilateral relations.

Mr. Geoffrey R. Pyatt, Acting Assistant Secretary of State for Central and South Asia in the US State Department represented the US Government. Speaking on the occasion, Mr. Pyatt, said that the US takes great pride in what has been achieved in the course of 40 years. He also said that the Government has great hope for the relations. The US Acting Assistant Secretary described Bangladesh as a secular, democratic and Muslim

majority country. Referring to Bangladesh's war of Independence, Mr. Pyatt paid special homage to late Senator Edward Kennedy and who lobbied for the cause of Bangladesh independence. He also recalled of Mr. Kennedy's visit to Dhaka immediately after the independence.

Chief of Protocol Ambassador Capricia Penavic Marshall, High US government officials, diplomats, members of the Think Tank, Congressional Staffers, businessmen, journalists and Bangladeshi nationals and members of Bangladesh Diaspora attended the reception. To mark the 40th anniversary of Bangladesh-US diplomatic relations, Bangladesh Embassy in Washington, DC has chalked out elaborate programs including symposium, painting exhibition screening of film and music performances.

Swapan Kumar Saha, Minister (Press), Phone: 202-244-5071 , Fax : 202-244-2771\7830, e-mail : pressministerwash@yahoo.com

بسم الله الرحمن الرحيم

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail :bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

প্রেস বিজ্ঞপ্তি

৪ এপ্রিল ২০১২

বাংলাদেশ-আমেরিকার কূটনৈতিক সম্পর্ক প্রতিষ্ঠার ৪০ বছর পূর্তি পালন

বাংলাদেশ ও আমেরিকার দ্বিপাক্ষিক সম্পর্ক পরস্পরের জন্য সহায়ক ভূমিকা পালন করছে এবং দুই দেশের সম্পর্ক আরো শক্তিশালী করার লক্ষ্যে উভয়কে একযোগে কাজ করা উচিত। কূটনৈতিক সম্পর্ক প্রতিষ্ঠার পর থেকে বাংলাদেশের সাথে মার্কিন যুক্তরাষ্ট্রের সম্পর্ক চমৎকার ও সুদৃঢ়। বিগত বছরগুলোতে আমেরিকার সাথে বাংলাদেশের সম্পর্ক আরো গভীর ও বিভিন্ন দিকে সুপ্রতিষ্ঠিত হয়েছে। যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত ও প্রতিমন্ত্রী জনাব আকরামুল কাদের আজ (বুধবার ৪ এপ্রিল ২০১২) সন্ধ্যায় ওয়াশিংটনস্থ ইউনিভার্সিটি ক্লাবে ৪০ বছর পূর্তি পালন উপলক্ষে এক সম্বর্ধনা অনুষ্ঠানে উপরোক্ত কথাগুলো বলেছেন। রাষ্ট্রদূত আকরামুল কাদের তাঁর বক্তব্যে আরো বলেন বাংলাদেশ ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর স্বাধীন সার্বভৌম রাষ্ট্র হিসেবে পৃথিবীর মানচিত্রে প্রতিষ্ঠা লাভ করার পর ১৯৭২ সালের ৪ এপ্রিল এ দিনে বাংলাদেশের সাথে যুক্তরাষ্ট্রের কূটনৈতিক সম্পর্ক প্রতিষ্ঠিত হয়। তাই এ দিনটি উভয় দেশের জন্য গুরুত্বপূর্ণ। জনাব কাদের বলেন বাংলাদেশের বন্ধুপ্রতীম আমেরিকা কষ্টার্জিত গণতন্ত্রকে সর্বস্তরে সম্প্রসারিত ও শক্তিশালী প্রাতিষ্ঠানিক ভিত্তির উপর দাঁড়া করানোর জন্য বাংলাদেশ সরকারকে সমর্থন জুগিয়ে যাচ্ছে। এ প্রসংগে রাষ্ট্রদূত কাদের বলেন ২০০৬ থেকে ২০০৮ পর্যন্ত গণতন্ত্রকে পুনরুদ্ধার করার জন্য মার্কিন কংগ্রেসের ভূয়সী প্রশংসা করেন। তিনি আমেরিকায় রফতানীযোগ্য তৈরী পোশাক শিল্প থেকে শুল্ক প্রত্যাহার করার জন্য মার্কিন কংগ্রেসকে উদ্যোগী ভূমিকা পালনের জন্য আহ্বান জানান। জনাব কাদের বাংলাদেশের সাথে আমেরিকার দ্বিপাক্ষিক সম্পর্ক আরো সুদৃঢ় করার দৃঢ় সংকল্পের কথা পুনরোল্লেখ করেন।

জনাব জিওফ্রে আর. পায়াট, মার্কিন পররাষ্ট্র দফতরের মধ্য এবং দক্ষিণ এশিয়া বিষয়ক ভারপ্রাপ্ত এ্যাসিস্ট্যান্ট সেক্রেটারী এ সম্বর্ধনা অনুষ্ঠানে যুক্তরাষ্ট্র সরকারের প্রতিনিধিত্ব করেন। জনাব পায়াট তাঁর বক্তব্যে বাংলাদেশের ৪০ বৎসরের অর্জনকে গর্বের সাথে উল্লেখ করে আশাবাদ ব্যক্ত করেন যে বাংলাদেশ ও আমেরিকা

সরকারের সম্পর্ক আরো সুদৃঢ় হবে। জনাব পায়াট বাংলাদেশকে একটি ধর্মনিরপেক্ষ, গণতান্ত্রিক ও মুসলিম অধ্যুষিত দেশ হিসেবে আখ্যায়িত করেন।

জনাব পায়াট প্রয়াত সিনেটর এডওয়ার্ড কেনেডির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে তার অবদানের কথা স্মরণ করেন এবং স্বাধীন বাংলাদেশকে স্বীকৃতি দানের লক্ষ্যে সমর্থন আদায়ের জন্য মার্কিন যুক্তরাষ্ট্র সরকারের সাথে দেন-দরবার করেন। জনাব পায়াট প্রয়াত কেনেডির স্বাধীনতা যুদ্ধের পরপরই ঢাকা সফরের কথাও উল্লেখ করেন।

চীফ অব প্রটোকল এ্যাম্বেসেডর ক্যাপ্রিসিয়া পেনাভিক মার্শাল, যুক্তরাষ্ট্র সরকারের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, কূটনীতিক, গবেষণা প্রতিষ্ঠানসমূহের সদস্য, কংগ্রেশনালস্টাফার্স, ব্যবসায়ী, সাংবাদিক এবং বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী নাগরিকগণ এ সম্বর্ধনা অনুষ্ঠানে যোগদান করেন। বাংলাদেশ-আমেরিকার কূটনৈতিক সম্পর্ক প্রতিষ্ঠার ৪০ বছর পূর্তি উপলক্ষে ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাস বিভিন্ন কর্মসূচী গ্রহন করেছে। এ কর্মসূচীগুলোর মধ্যে সিম্পোজিয়াম, একক চিত্র প্রদর্শনী, বাংলা ছবি প্রদর্শন, একক সিতার এবং 'মহাজনের নাও' নাটক।

স্বপন কুমার সাহা, মিনিস্টার (প্রেস), বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি ফোন ঃ ২০২-২৪৪-৫০৭১, ফাক্স ঃ ২০২-২৪৪-২৭৭১/৭৮৩০ ই-মেইল ঃ pressministerwash@yahoo.com